



ডীন ও পরিচালক মহোদয়গণের সাথে মতবিনিময় সভা

আজ ১৮ জানুয়ারি ২০২৪ খৃষ্টাব্দ বেলা ১১:০০ টায় ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালকগণের সাথে ডীন ও পরিচালক মহোদয়গণের রাজশাহী বিশ্ববিদ্যালয় ও প্রোগ্রামসমূহের অ্যাক্রিডিটেশনের লক্ষ্যে আইকিউএসি কর্তৃক গৃহীত কার্যক্রমের কার্যকারিতা পর্যালোচনা ও মনিটরিং বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মাননীয় উপাচার্য প্রফেসর গোলাম সাব্বির সাত্তার-এর উপস্থিতিতে সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী একাডেমিক ভবনস্থ আইকিউএসি কনফারেন্স কক্ষে (কক্ষ নং ৪০৫) অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন আইকিউএসি-এর পরিচালক প্রফেসর দুলাল চন্দ্র রায়। এই সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

ক্র. নং	নাম	পদবী	স্বাক্ষরিত
১.	প্রফেসর গোলাম সাব্বির সাত্তার	মাননীয় উপাচার্য	
২.	প্রফেসর মো. হুমায়ুন কবীর	মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা)	
৩.	প্রফেসর আবু নাসের মো. ওয়াহিদ	ডীন, আইন অনুষদ	
৪.	প্রফেসর এ এস এম কামরুজ্জামান	ডীন, বিজনেস স্টাডিজ অনুষদ	
৫.	প্রফেসর এস এম একরাম উল্যাহ	ডীন, সামাজিক বিজ্ঞান অনুষদ	
৬.	প্রফেসর মো. গোলাম মোর্ত্তুজা	ডীন, জীববিজ্ঞান অনুষদ	
৭.	প্রফেসর মো. আরিফুর রহমান	ডীন, কৃষি অনুষদ	
৮.	প্রফেসর বিমল কুমার প্রামানিক	ডীন, প্রকৌশল অনুষদ	
৯.	প্রফেসর মোহাম্মদ আলী	ডীন, চারণকলা অনুষদ	
১০.	প্রফেসর এ এইচ এম সেলিম রেজা	ডীন, ভূ-বিজ্ঞান অনুষদ	
১১.	প্রফেসর মো. মোস্তাফিজুর রহমান মন্ডল	ডীন, ফিশারিজ অনুষদ	
১২.	প্রফেসর খন্দকার মো. মোজাফফর হোসেন	ডীন, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্স অনুষদ	
১৩.	প্রফেসর দুলাল চন্দ্র রায়	পরিচালক, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল	
১৪.	প্রফেসর জিন্নাত আরা বেগম	পরিচালক, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট	
১৫.	প্রফেসর দুলাল চন্দ্র বিশ্বাস	পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট	
১৬.	প্রফেসর মো. মশিহুর রহমান	অতিরিক্ত পরিচালক, আইকিউএসি	
১৭.	প্রফেসর মো. আবদুর রশিদ সরকার	অতিরিক্ত পরিচালক, আইকিউএসি	

সভার শুরুতেই প্রফেসর দুলাল চন্দ্র রায়, পরিচালক, আইকিউএসি উপস্থিত সকলকে সভায় স্বাগত জানান এবং নবাগত ডীনদের অভিনন্দন জ্ঞাপন করেন। অতঃপর আজকের মতবিনিময় সভার বিষয়সমূহ উল্লেখ করে সভার গুরুত্ব তুলে ধরেন। আইকিউএসি-র অতিরিক্ত পরিচালক প্রফেসর মো. মশিহুর রহমান রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কিউএসি-র সাথে ডীন ও পরিচালক মহোদয়গণের সম্পৃক্ততা, কিউএসি-র সিদ্ধান্ত বাস্তবায়নে তাদের ভূমিকা উল্লেখপূর্বক একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। উপস্থাপক এই সভায় আইকিউএসি-র প্রত্যাশা হিসেবে নিম্নোক্ত বিষয়গুলো বাস্তবায়নে ডীন/পরিচালক মহোদয়গণ সংশ্লিষ্ট অনুষদ/ইনস্টিটিউট-এ কার্যকরী ভূমিকা রাখবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

- স্টুডেন্ট ফিডব্যাক গ্রহণ নিশ্চিতকরণ;
- সকল শিক্ষক তাদের নিজ প্রোফাইল কোর্সের তথ্যসহ হালনাগাদ করণ;



- UGC Revised Template এবং BNQF অনুসরণ করে OBE কারিকুলাম বাস্তবায়নে সরাসরি মনিটর করা;
- PSAC ও FQAC কার্যকর করার লক্ষ্যে মাসিক/দ্বিমাসিক নিয়মিত সভার আয়োজন করা;

অতঃপর মুক্তআলোচনায় উপস্থিত সকলেই উপর্যুক্ত বিষয়ে চ্যালেঞ্জসমূহ উল্লেখ করে মতামত প্রদান করেন। এই মতামতের ভিত্তিতে মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা) প্রফেসর মো. হুমায়ুন কবীর এই সভাকে সমন্বয়যোগী এবং কার্যকর সভা হিসেবে উল্লেখ করেন। মাননীয় উপাচার্য প্রফেসর গোলাম সাব্বির সান্তার আলোচিত সকল চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় কার্যকরী ভূমিকা রাখার জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যালেঞ্জার এর ভলিউম-১ [রাজশাহী ইউনিভার্সিটি অ্যাক্ট-১৯৭৩ Article 28(3), এবং The first statutes of the university, Article 3(3), page: 31] এ বর্ণিত ডীনমহোদয়গণের দায়িত্ব, কর্তব্য ও ক্ষমতার বিষয়টি স্মরণ করিয়ে দেন। তিনি আরো বলেন - “উপাচার্য হলো প্রশাসনিক লিডার এবং ডীন হচ্ছে অ্যাকাডেমিক লিডার। অ্যাকাডেমিক সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে যেকোনো সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা ডীন মহোদয়গণদের দেয়া আছে। আপনারা সিদ্ধান্ত নিবেন আমি আপনাদের সঙ্গে আছি।”

সভ্যগণদের মতামতের ভিত্তিতে PSAC এবং FQAC-র কার্যক্রমের ভূমিকা নিশ্চিত করণের লক্ষ্যে নিম্নোক্ত কার্যক্রমসমূহ সুপারিশ করেন:

- মাননীয় উপাচার্যের উপস্থিতিতে অনুষদ ভিত্তিক ডীন ও সংশ্লিষ্ট শিক্ষক মহোদয়গণের অংশগ্রহণে একই বিষয়ে মতবিনিময় সভা করা;
- দ্বিমাসিক FQAC সভার আয়োজন করে সংশ্লিষ্ট অনুষদের শিক্ষকদের প্রোফাইল মনিটরিং রিপোর্ট ও OBE কারিকুলাম বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা;
- কোর্স প্ল্যান ও কোর্স ফাইলিং মনিটরিং এর জন্য PSAC-এর নিয়মিত মাসিক সভার আয়োজন করা, প্রয়োজনে আইকিউএসি-র সহযোগিতায় ফিশারীজ বিভাগের কোর্স প্ল্যান মনিটরিং সংক্রান্ত গঠিত সফটওয়্যারের আদলে সকল বিভাগের জন্য সফটওয়্যার তৈরি করা;
- উপর্যুক্ত কার্যক্রমসমূহ পর্যালোচনার লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগ/ইন্সটিটিউটের প্রতি অ্যাকাডেমিক কমিটির সভায় এজেন্ডা হিসেবে সংযুক্ত করা;

আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি সকলের মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রফেসর দুলাল চন্দ্র রায়)

পরিচালক

আইকিউএসি, রাজশাহী বিশ্ববিদ্যালয়।